
ISSN: 2320-5598

# লোকস্বর

**Peer Reviewed Research Journal**

দশম বর্ষ, ২০তম বিশেষ সংখ্যা, মে, ২০২২



## দেশভাগ : সাহিত্য, সমাজ-সংস্কৃতি, ইতিহাসের প্রেক্ষিতে

Scanned with Oken Scanner

# লোকস্বর

Peer-Reviewed Research Journal
10th Year, Partition Special Issue, May 2022

## দেশভাগ বিশেষ সংখ্যা

# দেশভাগ : সাহিত্য, সমাজ-সংস্কৃতি, ইতিহাসের প্রেক্ষিতে

সম্পাদক
ড. সুকান্ত মুখোপাধ্যায়

কার্য-নির্বাহী সম্পাদক
ড. মনোজ মণ্ডল

বিশেষ সম্পাদকমণ্ডলী
ড. শান্তনু দলাই, ড. তারকনাথ চট্টোপাধ্যায়, প্রদ্যোত বিশ্বাস, ড. আশিস কুমার সাহু, ড. নবনীতা বসু, ড. প্রণব বর্মণ, ড. নির্মাল্য মণ্ডল, ড. গোপা বিশ্বাস, রচনা রায়

লোকস্বর
মরালী প্রকাশনী
ঝিলপাড় রোড, বাকসাড়া, হাওড়া-৭১১১১০

Scanned with Oken Scanner

# সূচি


দেশ বিভাগ নিয়ে গল্প উপন্যাস • ড. বরুণকুমার চক্রবর্তী ১১

জটায়ু : লোকায়ত ও পুরাণের রূপকল্পে দেশভাগের গল্প • অধ্যাপক ড. তপনকুমার বিশ্বাস ১৭

বাংলা উপন্যাসে দেশভাগের তিন আখ্যান :
গড় শ্রীখণ্ড, নীলকণ্ঠ পাখির খোঁজে ও আগুনপাখি • ড. সৌরেন বন্দ্যোপাধ্যায় ২৫

দাঙ্গা এবং দেশভাগের স্মৃতির আলোকে বাংলা সাহিত্য • অনুপম দাস ৪৭

দেশভাগের শিকার ও যন্ত্রণা : নীলকণ্ঠ পাখির খোঁজে • ড. সঞ্জয় রায় ৫৭

'অলীক নৌকোর যাত্রী' – ছিন্নমূলের স্বপ্নযাপন • প্রীতম চক্রবর্তী ৬৫

দেশভাগের প্রেক্ষিতে গোত্রান্তর ও সমাজেতিহাসের বিকল্প পাঠ • ফণিভূষণ মণ্ডল ৭৫

দেশভাগের প্রেক্ষিতে স্বপ্নময় চক্রবর্তীর 'বাস্তুকথা' • সঞ্জয় মালিক ৮৯

দেশভাগকেন্দ্রিক বাংলা
কথাসাহিত্যের ধারায় সোহারাবের 'গাঙ বাঘিনি' উপন্যাস • দীপঙ্কর আরশ ৯৭

দেশভাগের মর্মান্তিক পরিণতি : নদিয়া জেলার অভিবাসিত অধিবাসী • রবীন সরকার ১০৫

খোয়াবনামা উপন্যাসে দেশভাগ ও তৎকালীন লোকায়ত সমাজ • ড. আনসার আলি ১১

দেশভাগ সমস্যা : প্রসঙ্গ সসীমকুমারের গল্প • ড. বিশ্বজিৎ পোদ্দার ১২৩

আফসার আমেদের 'খণ্ডবিখণ্ড' উপন্যাস :
দেশান্তরিত নারীর জীবনসংগ্রাম ও বইপাড়ার শ্রমিকজীবনের আখ্যান • সোনালী দাস ১৩৪

দেশভাগ : প্রফুল্ল রায়ের
আন্দামান পর্যায়ের কথাসাহিত্যে বিপন্ন জনজীবন • সুব্রত মণ্ডল ১৪৪

দেশভাগ ও বাঙালি বাস্তুহারা নারী • মেঘমিত্রা বিশ্বাস ১৫৬

দেশভাগ ও নারীত্বের
অবমাননার আলেখ্য : প্রফুল্ল রায়ের 'কেয়াপাতার নৌকো' • ঝুমা নস্কর ভাণ্ডারী ১৬৫

দেশভাগের আলোকে ও 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে
অতীন বন্দ্যোপাধ্যায়ের জীবন ও মনন • আশুতোষ বালা ১৭৭

দেশভাগ : পরিকল্পনাহীনতা ও তার পরিণতি • অজয় ঘোষ ১৮৮

দেশভাগ : ছিন্নমূল সমাজ ও নারী • স্বস্তিকা বিশ্বাস ১৯৭

পশ্চিমবঙ্গের ভৌমিক পূনর্বাসনের উপর
দেশভাগ ও উদ্বাস্তু প্রভাব : নদিয়া জেলার অভিজ্ঞতা • ড. সুদীপ্ত সাধুখাঁ ২০৪

বাংলা ভাগ : প্রসঙ্গ হিন্দু-মুসলিম বিভাজন • শিল্পী পাঁজা ২১৫

মান্টোর (নির্বাচিত তিনটি)
ছোটগল্প : প্রেক্ষাপট 'দেশভাগ' • রানু বিশ্বাস ২২২

কেন এই বিদ্বেষ -রক্তপাত • ড. তাপস সাহা ২২৯

বাংলার লোকসংস্কৃতিতে উদ্বাস্তু সমস্যা • সাগর সিমলান্দী ২৪১

হাসান আজিজুল হকের ছোটগল্প : প্রসঙ্গ দেশভাগ ও তৎকালীন সমাজ • ড. দেবলীনা দেবনাথ ২৪৯

স্বাধীনতা-উত্তর পশ্চিমবঙ্গে নমঃশূদ্রদের সমস্যা ও
সংগ্রামের ইতিহাস (১৯৪৭-১৯৫৯) : একটি ঐতিহাসিক পর্যালোচনা • সঞ্জয় বাগচী ২৬২


Scanned with Oken Scanner

# ‘খোয়াবনামা’ উপন্যাসে দেশভাগ ও তৎকালীন লোকায়ত সমাজ

ড. আনসার আলি
সহকারী অধ্যাপক, ড. ভূপেন্দ্রনাথ দত্ত স্মৃতি মহাবিদ্যালয়, বর্ধমান

**সারাংশ** : খোয়াবনামা আখতারুজ্জামান ইলিয়াসের অন্যতম একটি বিখ্যাত উপন্যাস।এই উপন্যাসের পঠভূমি দেশভাগ।দেশভাগের চরম যন্ত্রণা বাঙালির হৃদয়কে বিপযস্থ করে তুলেছিল। সাম্প্রদায়িক দাঙ্গার বিভৎসতা ও রাজনৈতিক সংকটে দেশান্তরের লাইন লেগে যায়। মানুষের অনুপ্রবেশে শুরু হয় উদ্বাস্তু সমস্যা। গভীর জীবনবোধ তাঁর সাহিত্যের মুল ভিত্তি। খোয়াব শব্দের অর্থ স্বপ্ন। মানুষের স্বপ্ন অধরাই থেকে যায়। ইলিয়াসের খোয়াবনামায় তেভাগা আন্দোলন, দেশবিভাগ, সিপাহী বিদ্রোহ, পলাশীর যুদ্ধ ‘ফকির বিদ্রোহ প্রভৃতি আন্দোলন সংগ্রাম ঐতিহাসিক ঘটনার সংমিশ্রণ ঘটেছে। মুলত ওই সময় কালে বর্তমান বাংলাদেশের বগুড়া জেলার কাৎলাহার বিল ও তার চারপাশের মানুষের কাহিনী রূপলাভ করেছে এই উপন্যাসে।

**মুলশব্দ** : খোয়াব, উদ্বাস্তু, বিদ্রোহ, তমিজ, খিয়ার।

## মূল প্রবন্ধ

বাংলা কথাসাহিত্যে অন্যতম শক্তিমান লেখক হলেন আখতারুজ্জামান ইলিয়াস। ১৯৪৩ সালের ১২ই ফেব্রুয়ারি বাংলাদেশের গাইবান্ধা জেলায় মামার বাড়িতে জন্মগ্রহণ করেন। তাঁর আবির্ভাব ও বিকাশ যথাক্রমে স্বাধীনতা পূর্ব ও স্বাধীনতা উত্তর বাংলাদেশে। এক অস্থির পরিবেশের দৃশ্য দেখেছিলেন ইলিয়াস। ১৯৪৭ সালে দেশভাগ হয়। দেশভাগের চরম যন্ত্রণা বাঙালির হৃদয়কে বিপর্যস্ত করে তুলেছিল। সাম্প্রদায়িক দাঙ্গার বীভৎসতা ও রাজনৈতিক সংকটে দেশান্তরের লাইন লেগে যায়। মানুষের অনুপ্রবেশে শুরু হয় উদ্বাস্তু সমস্যা। গভীর জীবনবোধ তাঁর সাহিত্যের মূল ভিত্তি। আখতারুজ্জামান ইলিয়াসের সাহিত্যভাবনার মূল প্রেক্ষাপট সমকাল।

Scanned with Oken Scanner

সমকালীন রাজনৈতিক প্রেক্ষাপটে পরিবর্তনশীল বাস্তবতাকে তিনি তাঁর উপন্যাসে উপস্থাপন করেছেন। তাঁর উপন্যাসের কাহিনি ও চরিত্রে আছে সুগভীর অন্তর্দৃষ্টি ও পর্যবেক্ষণ শক্তি। বাস্তবতার নিপুণ চিত্রণ, ইতিহাস ও রাজনৈতিক জ্ঞান গভীর অন্তর্দৃষ্টি ও সূক্ষ্ম কৌতুকবোধ তার রচনাকে দিয়েছে ব্যতিক্রমী সুষমা। সমাজ-সংস্কৃতিতে বাঙালির অবস্থান ইতিহাসে বাঙালির স্থান, মধ্যবিত্ত শ্রেণির উত্থান, শ্রমজীবী মানুষের কর্মতৎপরতা ইত্যাদিকে তিনি নিজের অভিজ্ঞতার আলোকে তাঁর সাহিত্যে যুক্ত করেছেন। গুরুগম্ভীর বিষয়কে তিনি সহজভাবে কথকতার ভঙ্গিতে বলেছেন, যে পাঠকের মনে কৌতুহলের সঞ্চার করেছে। খুব কম সংখ্যক গ্রন্থ রচনা করেও বিশিষ্টতার গুণে বাংলা সাহিত্যে আখতারুজ্জামান ইলিয়াস বিশিষ্ট স্থান লাভ করেছেন।

বাংলা কথাসাহিত্যে প্রবহমান সময়–সমাজজীবন ও জীবনের নানা অনুষঙ্গ নিয়ে যারা কাজ করেছেন, উদ্ভুত পরিস্থিতি মোকাবিলা করেছেন, হাজারো প্রতিবন্ধকতা সত্ত্বেও, তাঁদের মধ্যে আখতারুজ্জামান ইলিয়াস অন্যতম। তাঁর লেখা বিখ্যাত একটি উপন্যাস হল 'খোয়াবনামা'। উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় মাওলা ব্রাদার্স প্রকাশনী থেকে ১৯৯৬ সালে ফেব্রুয়ারি মাসে। তারপর নয়া উদ্যোগ প্রকাশনী থেকে গ্রন্থটি প্রকাশিত হয় ১৯৯৬ সালের এপ্রিল মাসে। দুই বাংলাতেই বইটি প্রকাশের সঙ্গে সঙ্গে প্রচুর জনপ্রিয়তা লাভ করে। 'খোয়াবনামা' উপন্যাসটি আনন্দ পুরস্কার সাদাত আলী আকন্দ পুরস্কার এবং প্রফুল্ল কুমার সরকার স্মৃতি পুরস্কার লাভ করেন। উপন্যাসটি মূলত দেশভাগ (১৯৪৭) এর কিছুকাল পূর্ব এবং পরবর্তী সময়কাল নিয়ে লেখা। মহাবিদ্রোহের (১৮৫৭) বিপর্যয়ের কিছু পর থেকে শুরু করে এদেশে হিন্দু মুসলমানের মিলিত জীবনযাত্রা সংঘাত, মুসলমান ভূস্বামীদের উত্থান, সাম্প্রদায়িক দাঙ্গা, গ্রামীণ কৃষি সংস্কৃতি এবং অন্ত্যজ শ্রেণির জীবন যাপনের সঙ্গে ফকির ও সন্ন্যাসী বিদ্রোহের সংযোগ, যে কেন্দ্র ও সত্যের দিকে আমাদের চালিত করে তা নিঃসন্দেহে বাঙালির স্বাধীনতা সংগ্রামের প্রেক্ষাপট উন্মোচিত করে। সাহিত্যের সবচেয়ে জীবন ঘনিষ্ঠ মাধ্যম হল উপন্যাস। তাই আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাসে যোগ হয়েছে নতুন শতাব্দীর উপযোগী বিষয়ভাবনা ও শিল্পমাত্রা।

আখতারুজ্জামান ইলিয়াসের 'চিলেকোঠার সেপাই' উপন্যাস থেকে 'খোয়াবনামা' উপন্যাস ভিন্নমাত্রার। খোয়াবনামায় খোয়াব শব্দের অর্থ 'স্বপ্ন'। এই কঠিন বাস্তব সমাজে খোয়াব ছাড়া গত্যন্তর নেই। রূঢ় বাস্তব সমাজে অনেক কিছুই চাওয়া আকাঙ্ক্ষা প্রাপ্তির বাইরে থাকে। অসহায় বিপন্ন মানুষ তা কল্পনা বা স্বপ্নে পেয়ে